কালের কণ্ঠ

তারিখ 19 JUN 2017
পৃষ্ঠা 26 কলাম 6

সেভ দ্য চিলড্রেনের বাজেট প্রতিক্রিয়া

# প্রাথমিক ও গণশিক্ষায় বরাদ্দ পুনর্বিবেচনা করার অনুরোধ

**নিজস্ব প্রতিবেদক ▷**

জাতীয় বাজেটে 'প্রাথমিক ও গণশিক্ষা' খাতে বরাদ্দ পুনর্বিবেচনার জন্য অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়েছে শিশু অধিকারবিষয়ক সংগঠন সেভ দ্য চিলড্রেন বাংলাদেশ।

আশঙ্কা প্রকাশ করে সংগঠনটি বলেছে, এ খাতে চলতি অর্থবছরের বাজেটে বরাদ্দের তুলনায় প্রস্তাবিত বাজেটে ১৪০ কোটি টাকা কম রাখা হয়েছে। এর ফলে শিক্ষার মানে নেতিবাচক প্রভাব পড়বে। বিশেষ করে শিশুদের ঝরে পড়ার হার বাড়তে পারে।

গতকাল রবিবার সেভ দ্য চিলড্রেন বাংলাদেশের জ্যেষ্ঠ গণমাধ্যম কর্মকর্তা আব্দুল কাইয়ুম স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, চলতি ২০১৬-১৭ অর্থবছরের মূল বাজেটে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জন্য বরাদ্দ রয়েছে ২২ হাজার ১৬২ কোটি টাকা। ২০১৭-১৮ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে এ খাতে বরাদ্দ রাখা হয়েছে ২২ হাজার ২২ কোটি টাকা। চলতি বাজেটের ১৪.৪ শতাংশ বরাদ্দ রয়েছে শিক্ষা খাতে (প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ এবং কারিগরি ও মাদরাসা বিভাগ)। প্রস্তাবিত বাজেটে বরাদ্দ কমে ১২.৬ শতাংশে দাঁড়িয়েছে।

বিজ্ঞপ্তিতে সেভ দ্য চিলড্রেনের উপদেষ্টা (পাবলিক ফিন্যান্স অ্যান্ড গভর্ন্যান্স) মো. আশিক ইকবালের বক্তব্য তুলে ধরা হয়। তিনি বলেন, প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তির বরাদ্দ কমানোয় তাঁরা বিশেষভাবে চিন্তিত। প্রাথমিক শিক্ষায় উপবৃত্তির জন্য বরাদ্দ রাখা হয়েছে ৩৫৫ দশমিক ৫ কোটি টাকা, চলতি বছরে রয়েছে এক হাজার ৪০০ কোটি টাকা। মাধ্যমিক পর্যায়ে উপবৃত্তির জন্য বরাদ্দ রাখা হয়েছে ১০৯ কোটি টাকা, চলতি বছরে রয়েছে ২৪০ কোটি টাকা। উচ্চ মাধ্যমিক পর্যায় উপবৃত্তির জন্য বরাদ্দ রাখা হয়েছে ৫০ কোটি টাকা, চলতি বছরে রয়েছে ১৫০ কোটি টাকা। তাঁর মতে, এর ফলে নেতিবাচক প্রভাব পড়তে পারে শিক্ষার মানে। বিশেষ করে শিশুদের ঝরে পড়ার হার বাড়তে পারে।

বিজ্ঞপ্তিতে অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানানো হয়েছে তাঁর ১১তম বাজেট পেশের জন্য, বিশেষ করে একটি শিশুবান্ধব বাজেট পেশ করার জন্য।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...............................
তারিখ...............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর